রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ১০, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

বিজ্ঞপ্তি

তারিখ, ২৭ চৈত্র ১৪১৩ বঙ্গাব্দ/১০ এপ্রিল ২০০৭ খ্রিস্টাব্দ

নং **১৬৯ (পাব)** ।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ২৫ চৈত্র ১৪১৩ বাং মোতাবেক ৮ এপ্রিল ২০০৭ খ্রিঃ তারিখে প্রণীত নিম্নে উল্লেখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হল ।

অধ্যাদেশ নং ৪, ২০০৭

The Code of Criminal Procedure, 1898 (Act V of 1898) এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২২ অনুচ্ছেদে উল্লেখিত রাষ্ট্রের নির্বাহী অংগসমূহ হইতে বিচার বিভাগের পৃথকীকরণ সংক্রান্ত মূলনীতি বাস্তবায়নের উদ্দেশ্যে ম্যাজিস্ট্রেটগণের নির্বাহী প্রকৃতির এবং বিচার সংক্রান্ত কার্যাবলী পৃথকীকরণসহ কতিপয় অন্যান্য বিষয়ে বিধান করার জন্য The Code of Criminal Procedure 1898 (Act V of 1898) এর সংশোধন করিয়া The Code of Criminal Procedure (Amendment) Ordinance, ২০০৭ (অধ্যাদেশ নং ২, ২০০৭), অতঃপর উক্ত অধ্যাদেশ বলিয়া উল্লিখিত, প্রণয়ন ও জারী করা হয়; এবং

যেহেতু বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ উক্ত অধ্যাদেশের কতিপয় ধারা সংশোধন করিবার নির্দেশ প্রদানের পরিপ্রেক্ষিতে The Code of Criminal Procedure 1898 (Act V of 1898) এর অধিকতর সংশোধনসহ উক্ত অধ্যাদেশের কতিপয় বিধান সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়; এবং

মূল্য ঃ টাকা ৪.০০

যেহেতু সংসদ ভাঙ্গিয়া গিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন ঃ

১। **সংক্ষিপ্ত শিরনামা ও প্রবর্তন।**—(১) এই অধ্যাদেশ The Code of Criminal Procedure (Second Amendment) Ordinance, ২০০৭ নামে অভিহিত হইবে।

(২) এই অধ্যাদেশ The Code of Criminal Procedure (Amendment) Ordinance, ২০০৭ (অধ্যাদেশ নং ২, ২০০৭) যে তারিখে কার্যকর হইবে, সেই তারিখ হইতে কার্যকর হইবে।

২। **Act V of 1898 এর section 4A এর সংশোধন।**—Code of Criminal Procedure 1898 (Act V of 1898), অতঃপর উক্ত Code বলিয়া উল্লিখিত, এর section 4A এর—

(ক) sub-section (1) এর "Unless" শব্দটির পরিবর্তে "unless" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(খ) sub-section (1)(d) এর "Assistant Sessions Judges" শব্দগুলির পরিবর্তে "Assistant Sessions Judge" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(গ) sub-section (2)(a) এর "involves" শব্দটির পরিবর্তে "involve" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৩। **Act V of 1898 এর section 6 এর সংশোধন।**—উক্ত Code এর section 6(1)(b) এর Magistrate শব্দটির পরিবর্তে "Magistrates" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৪। **Act V of 1898 এর section 10 এর সংশোধন।**—উক্ত Code এর section 10(7) এর "hall" শব্দটির পরিবর্তে "shall" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৫। **Act V of 1898 এর section 11 এর সংশোধন।**—উক্ত Code এর section 11 এর—

(ক) sub-section (1) এর Chief Judicial Magistrates শব্দগুলির পর একটি কমা (,) এবং "Additional Chief Judicial Magistrate" শব্দগুলি সন্নিবেশিত হইবে এবং "under Article 115 or" শব্দগুলি বিলুপ্ত হইবে;

(খ) sub-section (1) এর পর নিম্নরূপ নতুন sub-section (1A) সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"(1A) An Additional Chief Judicial Magistrate shall have all or any of the powers of the Chief Judicial Magistrate under this Code or any other law for the time being in force, as the Government may direct."

৬। **Act V of 1898 এর section 18 এর সংশোধন**।—উক্ত Code এর section 18(1) এর পরিবর্তে নিম্নরূপ নূতন sub-section (1) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(1) In every Metropolitan Area, the Chief Metropolitan Magistrate, Additional Chief Metropolitan Magistrate and other Metropolitan Magistrates shall be appointed from among the persons employed in the Bangladesh Judicial Service."

৭। **Act V of 1898 এর section 62 এর সংশোধন**।—উক্ত Code এর section 62 এর "or if the District Magistrate so directs, to the Sub-divisional Magistrate" শব্দগুলি ও কমার পরিবর্তে 'and also to the Chief Judicial Magistrate' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৮। **Act V of 1898 এর section 167 এর সংশোধন**।—উক্ত Code এর section 167(4) এর পরে sub-section "(5)" সংখ্যাটি, দুইবার উল্লেখিত, এর পরিবর্তে "(4A)" সংখ্যাটি প্রতিস্থাপিত হইবে।

৯। **Act V of 1898 এর section 190 এর সংশোধন**।—উক্ত Code এর section 190(1) এর "Metropolitan Magistrate" শব্দগুলির পূর্বে "Chief Metropolitan Magistrate," শব্দগুলি ও কমা এবং "Magistrate of the first class" শব্দগুলির পূর্বে "Chief Judicial Magistrate," কমা শব্দগুলি ও আরও একটি কমা সন্নিবেশিত হইবে।

১০। **Act V of 1898 এর section 492 এর সংশোধন**।—উক্ত Code এর section 492(2) এর "chief" শব্দের পরিবর্তে "Chief" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

১১। **অধ্যাদেশ নং ২, ২০০৭ এর Long title এর সংশোধন**।—The Code of Criminal Procedure (Amendment) Ordinance, ২০০৭ (অধ্যাদেশ নং ২, ২০০৭), অতঃপর উক্ত অধ্যাদেশ বলিয়া উল্লেখিত, এর Long title এর "সাংবিধানিক কর্তব্য পালন এবং বিচার বিভাগের স্বাধীনতা ও নিরপেক্ষতা নিশ্চিতকরণের লক্ষ্যে" শব্দগুলি বিলুপ্ত হইবে।

১২। **অধ্যাদেশ নং ২, ২০০৭ এর ধারা ১ এর সংশোধন**।—উক্ত অধ্যাদেশের ধারা ১(২) এর "কার্যকর হইবার পর" শব্দগুলির পরে "সুপ্রীমকোর্ট যে তারিখ হইতে কার্যকর করিবার জন্য

পরামর্শ দিবে সেই তারিখ সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা নির্ধারণের মাধ্যমে" শব্দগুলি সন্নিবেশিত হইবে।

১৩। **অধ্যাদেশ নং ২, ২০০৭ এর ধারা ১০৩ এর সংশোধন।**—উক্ত অধ্যাদেশের ধারা ১০৩ এর—

(ক) উপ-ধারা ১(ক) এর "Court of Sessions" শব্দগুলির পরিবর্তে " Court of Chief Judicial Magistrate" শব্দগুলি, "Sessions judge" শব্দগুলির পরিবর্তে "Chief Judicial Magistrate" শব্দগুলি এবং "Additional Sessions Judge" শব্দগুলির পরিবর্তে " Additional Chief Judicial Magistrate" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-ধারা ৩ এর 'অব্যবহতি' শব্দটির পরিবর্তে 'অব্যবহিত' শব্দটি প্রতিস্থাপিত হইবে; এবং "কোন ব্যক্তিকে" শব্দগুলির পর "৩১শে ডিসেম্বর, ২০১১ পর্যন্ত" শব্দগুলি ও সংখ্যা সন্নিবেশিত হইবে।

প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ

রাষ্ট্রপতি।

তারিখ ঃ ০৮-০৪-২০০৭ ইং / ২৫-১২-১৪১৩ বাং।

আলী আশরাফ খান লোদী

ভারপ্রাপ্ত সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখ্‌তার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্‌ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।